

## কক্সবাজারে শত কোটি টাকার সরকারি জমি উদ্ধার

কক্সবাজার প্রতিনিধি | শুক্রবার, ১৮ এপ্রিল, ২০২৫ at ৫:৩৩ পূর্বাহ্ন



কক্সবাজার শহরের হোটেল-মোটেল জোনের কলাতলী এলাকায় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের (কউক) জমিতে অবৈধভাবে গড়ে উঠা কাঁচাবাজার উচ্ছেদ করে ৫৫ শতক জমি দখলমুক্ত করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে বিকেল পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ জমি উদ্ধার করা হয়।

কউকের অথরাইজড অফিসার মোহাম্মদ রিশাদ উন নবী জানান, দীর্ঘদিন ধরে কউকের মালিকানাধীন জমি অবৈধভাবে দখল করে কাঁচাবাজার ও দোকান বসানো হয়েছিল। কউকের নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগমের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। তিনি জানান, উদ্ধার হওয়া জমির আর্থিক মূল্য আনুমানিক ১০০ কোটি টাকা।

এ সময় উচ্ছেদ প্রক্রিয়ার প্রতিবাদ জানিয়ে প্রধান সড়ক অবরোধ করেন কাঁচাবাজারের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা। তারা প্রায় দুই ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। এতে সড়কের উভয়পাশে তীব্র যানজট সৃষ্টি হয়। তাদের দাবি, বাজার কমিটিকে লাখ লাখ টাকা সালামি দিয়ে শতাধিক দোকানের স্বত্ব কিনেছেন। কিন্তু কোন নোটিশ ছাড়াই তাদের উচ্ছেদ করা হয়েছে।